

ঢাকা ওয়াসা

বিষয়: উচ্চতর সিলেকশন বোর্ড সভা সংক্রান্ত।

১। নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হলো।

২। ঢাকা ওয়াসার সরাসরি নিয়োগযোগ্য বিভিন্ন পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ ও বুয়েটে অনুষ্ঠিত লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ সংক্রান্ত এবং অন্যান্য বিবিধ বিষয়ে উচ্চতর সিলেকশন কমিটির একটি সভা আগামী ১১/০৯/২০২৫ তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৫.৩০ ঘটিকায় ব্যবস্থাপনা পরিচালক-এর কক্ষে (৩য় তলা, ওয়াসা ভবন) অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে উচ্চতর সিলেকশন বোর্ডের সদস্য ও সহায়কগণের সম্মানী ভাতা প্রদানের প্রয়োজন হবে। উচ্চতর সিলেকশন বোর্ডের আহ্বায়ক, সদস্য ও সদস্য-সচিব এর জন্য সম্মানী ভাতা বাবদ $\{৫,০০০ \times ৮\} = ৪০,০০০/-$ টাকা, ১ জন কর্মকর্তার ২,৫০০/- টাকা, ০১ জন সহায়ক কর্মকর্তার ২,০০০/- টাকা, ০১ জন অফিস সুপারিনটেনডেন্ট ১,৫০০/- টাকা এবং ৫ জন কর্মচারীর সম্মানী বাবদ $(১০০০ \times ৫) = ৫,০০০/-$ টাকাসহ সর্বমোট $(৪০,০০০ + ২,৫০০ + ২,০০০ + ১,৫০০ + ৫,০০০) = ৫১,০০০/-$ টাকা নির্ধারণ করা যেতে পারে। এছাড়া স্টেশনারী মালামাল ক্রয় বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা নির্ধারণ করা যেতে পারে।

৩। অনুচ্ছেদ-২ এর বর্ণনামতে উচ্চতর সিলেকশন বোর্ড সভায় সর্বমোট ৫২,৫০০/- (বায়ান্ন হাজার পাঁচশত) টাকা প্রয়োজন হবে যা উপ-সচিব, প্রশাসন বিভাগ-১ এর অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে প্রদান করা যেতে পারে। প্রস্তাব অনুমোদিত হলে:

ক. সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে উচ্চতর সিলেকশন কমিটির সদস্যগণকে নোটিশ প্রদান করা যায়।

খ. আপ্যায়ণের ব্যবস্থা করার জন্য উপ সচিব, কমন সার্ভিস বিভাগ কে বলা যেতে পারে।

গ. উচ্চতর সিলেকশন কমিটির সম্মানিত সদস্য, সহায়ক কর্মকর্তা ও কর্মচারীদের সম্মানী ও স্টেশনারী খরচ বাবদ সর্বমোট ৫২,৫০০/- (বায়ান্ন হাজার পাঁচশত) টাকা প্রদানের বিষয়ে হিসাব বিভাগে পত্র প্রেরণ করা যায়।

৪। উপরোক্ত নোট অনুঃ ৩ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

সাজেদা পারভীন
অফিস সুপারিনটেনডেন্ট
প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।

মোঃ মাহাবুবুল হক
সহকারী সচিব, প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

নূরুজ্জামান মিয়া
উপ-সচিব
প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

১০/০৯/২৫
মহিউল

১০/০৯/২৫
DMD(HR & Admin)

১০/০৯/২৫
DMD(Admin)

১০/০৯/২৫
ব্যবস্থাপনা পরিচালক
মোঃ শাহজাহান মিল্লি
অতিরিক্ত সচিব
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।